

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৭-০৭-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৪-০৭-২০২২ থেকে ০৬-০৭-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

### ০৪ ই জুলাই :

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের জেলার অনেক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

মূর্তি, নাগরাকাটা : ১০ বক্রাদুয়ার : ৫ , নেওয়া : ৩ ; চম্পাসারি, দিয়ানা, দুর্গাপুর, টুসুমা : ২ ; বাগডোগরা, গজলডোবা , লুচিপুর, কান্দি, বোকারো : ১

### ০৫ ই জুলাই :

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জায়গার আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

তিলপাড়া বাঁধ , চম্পাসারি-২ , লুচিপুর, সিউড়ি , দিয়ানা -১

### ০৬ ই জুলাই :

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বর্ষা পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলে অবদমিত আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ও কালিম্পাও জেলার অনেক জায়গায় ভারী ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের অনেক জায়গায় বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জায়গার আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :**

বাগরাকোট : ৯ ; চম্পাসারি, সেবক : ৪

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৯ থেকে ৮৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৬ থেকে ৯৬ শতাংশ ।

**সর্বোচ্চ তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ০৪ই জুলাই আলিপুরে ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস ছিল ।

**শুষ্ক ও আর্দ্র বায়ুর সম্ভবতা (০২.০৭.২২ থেকে ০৮.০৭.২২ পর্যন্ত)**

জেলা	আর্দ্র	শুষ্ক	জেলা	আর্দ্র	শুষ্ক
বাঁকুড়া	৬৭	৩৩	হাওড়া	৬২	৩৮
বীরভূম	৩৪	৩৬	মুর্শিদাবাদ	৭০	৩০
বর্ধমান	৫৩	৪৭	নদীয়া	৬২	৩৮
হুগলি	৭৪	২৬	২৪ পরগনা	৭০	৩০
পুরুলিয়া	৭৬	২৪			

**পরবর্তী ৩ দিন (০৮-০৭-২০২২ থেকে ১০-০৭-২০২২ অবধি ) ভারতীয়**

**সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :**

**দিন ১ -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে । গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাড়গ্রাম, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি ও কলকাতা জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে । আগামী ৫ দিন রাজ্যের রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা ।

**দিন ২-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**দিন ৩ -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলাগুলির ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি ও কলকাতা জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**সতর্কীকরণ:****দিন ১ -**

পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**দিন ২-**

পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

**দিন ৩ -**

কোনো সতর্কবার্তা নেই।

**পরবর্তী ২ দিনের অনুমান :** সামান্য পরিবর্তন হবে।

*স্বাক্ষর*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

০৭-০৭-২০২২

